৭৮

দৈনিক ইনকিলাব

তারিখ ... 13 APR 1998 ...
পৃষ্ঠা ৩ কলাম ৪ ...



শহীদুল্লাহ হল থেকে উদ্ধারকৃত অস্ত্রসহ আটক ৭ জন

# শহীদুল্লাহ হল থেকে অস্ত্রশস্ত্র উদ্ধার ঃ ৭ জন গ্রেফতার

**স্টাফ রিপোর্টার ঃ** গতকাল সকালে ঢাকা মহানগর পুলিশ এক ঝটিকা অভিযান চালিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলের ১১৮, ৩১২ ও ৩২৮ নং কক্ষ থেকে রাশেদ আহমেদ, সোহেল, শফি আহমেদ ওরফে টিটু, মামুন, খোকন, শফিকুল ইসলাম ও নাজমুল ইসলাম নান্টু নামে ৭ জন কে গ্রেফতার করে। পুলিশ বলছে, তাদের কাছে কাটা বন্দুক, রিভলবার পিস্তল, গুলী ও ছুরিসহ বোমা তৈরীর সরঞ্জামাদি পাওয়া যায়। তাদের বিরুদ্ধে থানায় ৩টি পৃথক মামলা রুজু করা হয়েছে।

আসামীদের ব্যাপক জিজ্ঞাসাবাদ চলছে এবং মামলার তদন্ত অব্যাহত রয়েছে।

পুলিশ এই ঘটনার আর কোন বিবরণ দেয়নি।